

## HAZARDOUS WASTE MANAGEMENT POLICY

ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার ও রক্ষণাবেক্ষন এর ক্ষেত্রে ----- লিমিটেড সর্বদা সজাগ দৃষ্টি রাখে। কিভাবে ক্ষতিকারক বর্জ্য পদার্থ গুদামজাত করতে হবে, কিভাবে এক স্থান থেকে অন্য স্থানে নিতে হবে, যাহাতে মানব জীবন ও পরিবেশের উপর প্রভাব বিস্তার না করে সেদিকে খেয়াল রাখা হয়। যেহেতু ----- --- লিমিটেড এ তেমন কোন ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার করা হয় না। প্রয়োজনে যখন কোন ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার করা হয় তখন স্থানীয় আইন কানুন অনুসারে তাহা ব্যবহার করা হয়।

### প্রয়োজনীয়তা :

১. স্থানীয় আইন অনুসরন করতে হবে। প্রয়োজনীয় কর্তৃপক্ষের অনুমোদন লাগবে, অনুমোদিত ব্যক্তি ছাড়া কেহ ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার করতে পারবে না এবং রাখার স্থানে প্রবেশ করতে পারবে না।
২. ঠিকাদারগনকে ক্ষতিকারক বর্জ্য পদার্থ রাখার জন্য নির্দিষ্ট জায়গা স্থাপন করতে হবে। প্রচুর আলো বাতাসের ব্যবস্থা থাকতে হবে এবং জরুরী চোখ-মুখ ধোতকরনের স্থান থাকতে হবে।
৩. যে ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার করবে তাহার জন্য পর্যাপ্ত পরিমাণ আত্মরক্ষামূলক সরঞ্জামাদীর সরবরাহ থাকতে হবে।
৪. ভিন্ন ভিন্ন ক্ষতিকারক বর্জ্য পদার্থ ও ক্ষতিকারক বর্জ্য পদার্থের খালি কোটা বা ড্রাম ভিন্ন ভাবে রাখা হয় ও রেজিস্টারে লিপিবদ্ধ করে রাখা হয়। গায়ে লেবেল করে দেওয়া হয়। শুধুমাত্র অনুমোদিত ব্যক্তি প্রবেশ করে এবং নির্দিষ্ট সময় অন্তর পরিশোধনের জন্য পাঠানো হয়। পরিবেশের উপর যাহাতে বিরুপ প্রভাব সৃষ্টি না করে সেদিকে খেয়াল রাখা হয়।
৫. বর্তমান ব্যবহার যোগ্য ক্ষতিকারক বর্জ্য পদার্থের নামের তালিকা প্রস্তুত করা হয়, যে স্থানে ক্ষতিকারক বর্জ্য পদার্থ গুদামজাত বা রাখা হয় তার নিকটে তালিকাটি রাখা হয়, ব্যবহারের স্থানেও ইহা প্রদর্শন করা হয়।
৬. ক) সমস্ত ক্ষতিকারক বর্জ্য পদার্থের নিকট MSDS রাখা হয়, MSDS ব্যতিরিকে কর্মসূলে কোন ক্ষতিকারক বর্জ্য পদার্থ রাখা হয় না।
  - খ) বর্তমান সময়ের MSDS রাখা হয়, যেখানে ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার ও গুদামজাত করা হয় সেখানে ইহা প্রদর্শন করা হয়।
৭. গুদামজাতকরনের স্থানের প্রয়োজনীয় বিষয় :
  - ক) ক্ষতিকারক বর্জ্য পদার্থ যেখানে রাখা বা কাজ করা হয় উক্ত ক্ষতিকারক বর্জ্য পদার্থের নাম উল্লে- খ করে বিবরনী টানাতে হবে এবং সেখানে পানি, খাদ্য ও ধূমপান করা থেকে বিরত থাকতে হবে।
  - খ) স্থানটি নিরাপদ ও পরিবেষ্টিত থাকতে হবে।
  - গ) ক্ষতিকারক বর্জ্য পদার্থের ড্রাম এর সাথে সেকেন্ডারী কন্টেইনার থাকতে হবে।

ঘ) দাহ্য জাতীয় পদার্থ ভিন্নভাবে রাখতে হবে ।

ঙ) রঞ্চিন মাফিক ক্ষতিকারক বর্জ্য পদার্থ এর স্থান চেক করতে হবে ।

৮. রাসায়নিক পদার্থ অন্যত্র পাঠানো :

ক) ক্ষতিকারক বর্জ্য পদার্থ অন্যত্র পাঠানোর সময় শক্ত ও নিরাপদ ড্রাম/ পাত্র ব্যবহার করতে হবে ।

খ) ক্ষতিকারক বর্জ্য পদার্থ খোলা ঢ্রেনে না ফেলে নির্দিষ্ট স্থানে ফেলাতে হবে ।

গ) কোন স্থানে ক্ষতিকারক বর্জ্য পদার্থ পড়ে গেলে সাথে সাথে পরিষ্কার করাতে হবে ।

৯. যেখানে ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার ও রাখা হয় তার নিকটে ক্ষতিকারক বর্জ্য পদার্থ পড়ে গেলে নিষ্কাশনের ঘন্টাতি রাখতে হবে এবং স্থানটি নির্দিষ্ট করে দিতে হবে ।

১০. প্রত্যেক শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান করতে হবে । প্রশিক্ষনের পদ্ধতি, তারিখ, উপস্থিতি, নির্দেশনা ইত্যাদি রেজিষ্টারে সংরক্ষন করতে হবে ।

১১. যেখানে ক্ষতিকারক বর্জ্য পদার্থ ব্যবহার করা হয় সেখানে গর্ভবতী শ্রমিক ও নার্স বা সেবিকাকে কাজ করা থেকে বিরত রাখতে হবে ।